



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.২৭.১৬৭.২০২৩ - ২৩১০

তারিখ : ১১/১২/২০২৩ খ্রি.

বিষয়: কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ ইকরাম হোসেন (২১১৩৮১২৮০৩৪), প্রভাষক (পদার্থবিদ্যা), সোনাগাজী সরকারি কলেজ, ফেনী একজন সরকারি কর্মকর্তা হয়ে জাতীয় শিক্ষা ব্যবস্থায় নতুন কারিকুলাম নিয়ে বাজে মন্তব্যসহ বিভিন্ন ধরনের সমালোচনা করা বর্তমান সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগের “শিক্ষার রূপান্তর” প্রতিবন্ধকতা সৃষ্টির সামিল। এরকম কার্যকলাপ মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক জারীকৃত ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ পরিপন্থি এবং বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ফেসবুকে তাদের ব্যক্তিগত ওয়ালে ও বিভিন্ন গ্রুপে সহকর্মী, উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তের বিষয়ে অশোভন, অনৈতিক, শিষ্টাচার বহির্ভূত ও উস্কানিমূলক বক্তব্য হতে বিরত থাকার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪-০৮-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫৯১ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনার পরিপন্থি।

এমতাবস্থায়, জনাব মোঃ ইকরাম হোসেন (২১১৩৮১২৮০৩৪), প্রভাষক (পদার্থবিদ্যা), সোনাগাজী সরকারি কলেজ, ফেনী একজন সরকারি কর্মকর্তা হয়ে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ এর পরিপন্থি কার্যকলাপের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে জবাবসহ নিম্ন স্বাক্ষরকারীর নিকট স্বশরীরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ০২-৪১০৫০৬২০

জনাব মোঃ ইকরাম হোসেন (২১১৩৮১২৮০৩৪)
প্রভাষক (পদার্থবিদ্যা), সোনাগাজী সরকারি কলেজ, ফেনী।

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ৩) অধ্যক্ষ, সোনাগাজী সরকারি কলেজ, ফেনী;
- ৪) জনাব -----;
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) সংরক্ষণ নথি।